গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
শিক্ষা ও কল্যাণ শাখা
www.sylhet.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট হতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি/আলিম বা সমমান, স্নাতক/ফাজিল বা সমমান এবং স্নাতকোত্তর/কামিল বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সিলেট জেলার স্থায়ী, গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে সংযুক্ত শর্তাবলি সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নবম ও দশম শ্রেণীতে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা (যারা ২০২১ ও ২০২২ সালের অষ্টম শ্রেণি পরীক্ষায় উত্তীর্ণ) এবং ২০২১ ও ২০২২ সালে উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনের শর্তাবলি, নির্ধারিত ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি জেলা প্রশাসক, সিলেট-এর ওয়েবসাইট www.sylhet.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। এছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়ের শিক্ষা ও কল্যাণ শাখা অথবা সিলেট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক বরাবর ১০/০৪/২০২৩ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

১৬.০৩.২০২৩

এ. এস. এম. কাসেম
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও
সদস্য সচিব
বোর্ড অব ট্রাস্টিজ, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৭.০২.০১৭.১১.২৩

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. রেজিস্টার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
২. অধ্যক্ষ, এম. সি কলেজ, সিলেট
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬. জেলা শিক্ষা অফিসার, সিলেট
৭. সভাপতি, সিলেট প্রেস ক্লাব, সিলেট
৮. সম্পাদক, সিলেট প্রেস ক্লাব, সিলেট
৯. সম্পাদক, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক সিলেটের ডাক, সিলেট (উক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হল)
১০. জনাব ..........................................................................................................

**আবেদনের শর্তাবলি অপর পৃষ্ঠায়**

**আবেদনের শর্তাবলি:**

| |
|---|
| শর্ত-১ : অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে। |
| শর্ত-২ : সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে :<br>(ক) উচ্চ মাধ্যমিক/সমমান স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। |
| (খ) এইচ.এস.সি/এইচ.এস.সি (ভোক)/এইচ.এস.সি (বিএম)/এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় নূন্যতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে। |
| (খ) এইচ.এস.সি/এইচ.এস.সি (ভোক)/এইচ.এস.সি (বিএম)/এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় নূন্যতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে। |
| (গ) স্নাতক/ফাযিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে। |
| (ঘ) স্নাতকোত্তর/কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের স্নাতক/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ থাকতে হবে। তবে এস.এস.সিতে জিপিএ ৫.০০ ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৪.০০ এর নীচে গ্রহণযোগ্য হবে না। |
| (ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি. ইঞ্জিনিয়ারিংএ অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে ১টিতে জিপিএ ৫.০০ এবং ০১টিতে জিপিএ ৪.০০ থাকতে হবে। |
| শর্ত-৩ : প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উল্লিখিত শর্ত প্রযোজ্য হবে না। |
| শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়সের ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। |
| শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়সের ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। |
| শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়সের ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। |
| শর্ত-৫ : বীর মুক্তিযোদ্ধাদের সন্তানেরা ও সন্তানদের সন্তানদের বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন। এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। |
| শর্ত-৬ : ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এই মর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে। |
| শর্ত-৭ : প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য এই বৃত্তি প্রযোজ্য নয়। |

**আবেদনের সাথে সংযুক্তি বিষয়ক কাগজাদি**

| | |
|---|---|
| ১ | পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো। |
| ২ | বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসীট এর সত্যায়িত কপি। |
| ৩ | পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি। |
| ৪ | আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। |
| ৫ | মুক্তিযোদ্ধা সন্তানদের অথবা সন্তানদের সন্তানদের মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি। |
| ৬ | ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এই মর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়নপত্র। |